

Prime Minister's participation in the 14th BRICS Summit

June 21, 2022

চতুর্দশ ব্রিক্স সম্মেলনে মাননীয় প্রধানমন্ত্রীর অংশগ্রহণ জুন 21, 2022

রাষ্ট্রপতি জি জিনপিং এর আমন্ত্রণে মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 23-24 জুন 2022 চতুর্দশ ব্রিক্স সম্মেলনে ভার্চুয়ালি উপস্থিত থাকবেন। 24 জুন তিনি অতিথি দেশগুলির নেতাদের সাথে বিশ্বের বর্তমান অবস্থা নিয়ে উচ্চপর্যায়ের আলোচনা করবেন।

2. ব্রিক্স সম্মেলন উন্নয়নশীল দেশ গুলির সাধারণ আগ্রহের বিষয়গুলি নিয়ে আলোচনা করা এবং বিবেচনা করার মঞ্চ হয়ে উঠেছে। ব্রিক্সের দেশগুলি নিয়মিত ভাবে বহুপক্ষীয় ব্যবস্থা আরো বেশী প্রতিনিধিত্বমূলক এবং অন্তর্ভুক্তিমূলক করার জন্য সংস্কার করার দাবী জানিয়ে আসছে।

3. চতুর্দশ ব্রিক্স সম্মেলনে ব্রিক্স অন্তর্ভুক্ত দেশগুলির মধ্যে সহযোগিতার যে দিকগুলি নিয়ে আলোচনা হবে বলে আশা করা যায় তা হল সন্ত্রাসবাদ-বিরোধি পদক্ষেপ, বাণিজ্য, স্বাস্থ্য, পরম্পরাগত ওষুধ, পরিবেশ, এস অ্যান্ড টি এবং উদ্ভাবন, কৃষি, প্রযুক্তিগত ও পেশাভিত্তিক শিক্ষা এবং প্রশিক্ষণ, এবং এমএসএমই। এছাড়া বহুপক্ষীয় ব্যবস্থার সংস্কার, কোভিড-19 অতিমারির বিরুদ্ধে লড়াই, বিশ্ব অর্থনৈতিক ব্যবস্থার পুনরুদ্ধার নিয়েও আলোচনা হবে বলে আশা করা যায়।

4. সম্মেলনের আগে ব্রিক্স বিজনেস ফোরাম 22-এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী রেকর্ডেড বক্তৃতার মাধ্যমে প্রধান সুর বেঁধে দেবেন।

নিউদিল্লি

জুন 21, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.